দৈনিক ইনকিলাব

তারিখ 19 OCT 1996
পৃষ্ঠা ... কলাম ...

77

আইডিয়াল স্কুল অভিভাবক মহাসমাবেশ

# ১০ শিক্ষকের বহিষ্কারসহ ৩ দফা দাবী মানা না হলে ছাত্র-ছাত্রীরা স্কুলে আসবে না

স্টাফ রিপোর্টার: আইডিয়াল স্কুল এণ্ড কলেজের অভিভাবক-অভিভাবিকাদের মহাসমাবেশে ১০ জন শিক্ষকের বহিষ্কারসহ ৩ দফা দাবী পেশ করা হয়েছে। দাবীসমূহ মানা না হলে ছাত্র-ছাত্রীরা বিদ্যালয়ে আসবে না বলে হুমকি দেয়া হয়েছে। অপর দিকে বিদ্যালয়ের কার্যনির্বাহী কমিটির সভায় ৭ জন শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

আইডিয়াল স্কুল এণ্ড কলেজের উদ্ভূত সমস্যার প্রেক্ষাপটে অভিভাবক-অভিভাবিকা ফোরামের পূর্ব ঘোষিত সিদ্ধান্ত অনুযায়ী গতকাল অনুষ্ঠিত অভিভাবক-অভিভাবিকাদের মহাসমাবেশে ঘটনার সাথে জড়িত ১০ জন শিক্ষকের বহিষ্কার, কর্মক্ষম থাকা পর্যন্ত জনাব ফয়জুর রহমানের প্রিন্সিপালের দায়িত্ব পালন এবং ব্যাতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বিশেষ ধরনের কমিটির মাধ্যমে স্কুল এণ্ড কলেজের কার্যক্রম পরিচালনার জন্য পৃথক নিয়ম-বিধি (সংবিধান) প্রবর্তনের দাবী করা হয়েছে। এ তিনটি দাবী পূরণ না হওয়া পর্যন্ত অভিভাবক-অভিভাবিকা ফোরাম তাদের কর্মসূচী চালিয়ে যাবে। অপর দিকে গতকাল সকালে আইডিয়াল স্কুল এণ্ড কলেজের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান জনাব সাবের হোসেন চৌধুরীর কার্যালয়ে জনাব ফয়জুর রহমানের অনুপস্থিতে কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়।

১৫-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

# আইডিয়াল স্কুলের ৭ শিক্ষক সাসপেন্ড

নিজস্ব বার্তা পরিবেশক

মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের সাম্প্রতিক ঘটনাবলির জন্যে ৭ জন শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে স্কুলের গভর্নিং বডি এ সিদ্ধান্ত নিয়েছে। আজ শনিবার ঐ ৭ জনকে বরখাস্তের চিঠি দেয়া হবে। পরবর্তীতে আরেকটি তদন্ত কমিটি গঠন করে, বিস্তারিত তদন্তসাপেক্ষে প্রকৃত দোষী ব্যক্তিদের চিহ্নিত করা হবে এবং তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

গভর্নিং বডির এক সূত্রে জানা গেছে, যেসব শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে তাদের মধ্যে রয়েছেন, আবদুল

শিক্ষক : পৃঃ ৮ কঃ ৭